যুগান্তর

তারিখ 06 JAN 2008
পৃষ্ঠা ২৮ কলাম ৬

সংস্থাপন মন্ত্রণালয়
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

নং : বাককবো-১৮/২০০৪ (অংশ-১)-৪৭৫ তারিখ : ১১/১২/০৭

# বিজ্ঞপ্তি

## ষয় : ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারি কর্মচারীদের সন্তান-সন্ততিদের জন্য ২০০৭-২০০৮ অর্থ বছরের শিক্ষা বৃত্তির দরখাস্ত আহ্বান।

স্থাপন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড অসামরিক খাত হতে বেতন গ্রহণকারী (ডাক, তার ালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত) সকল ও ৪র্থ শ্রেণী সরকারি কর্মচারীদের সন্তান-সন্ততিদের জন্য নির্ধারিত ফরমে ২০০৭-২০০৮ সালের শিক্ষা বৃত্তি প্রদানে রখাস্ত আহ্বান করছে। কন্টিনজেন্সি, ওয়ার্কচার্জড কর্মচারী যারা একনাগাড়ে ৫ (পাঁচ) বছর বা তদূর্ধ্বকাল চাকুরীতে য়োজিত আছেন তারাও নিজ সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

২। উপরোক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণ প্রাথমিক শিক্ষা ব্যতীত যে কোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব ২ (দু ন সন্তানের জন্য একই ফরমে আবেদন করতে পারবেন। তবে তাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষায় প্রত্যে ষয়ে পাস নম্বরসহ গড়ে ৪০% থাকতে হবে। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের (৬ষ্ঠ শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত) পূর্ববর্তী পরীক্ষ ম্বরপত্র এবং উচ্চ মাধ্যমিক/স্নাতক/স্নাতকোত্তর শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আবেদনপত্রের ফ থাযথভাবে পূরণ করে আগামী ২০ ফেব্রুয়ারি, ২০০৮/০৮ ফাল্গুন, ১৪১৪ তারিখের মধ্যে নিজ নিজ অফিস প্রধানে াধ্যমে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট অফিসে পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন বেচনা করা হবে না। পরীক্ষায় ফলাফলের মূল নম্বরপত্রের পরিবর্তে ফটোকপি কিংবা অনুলিপি প্রদান করা হলে বশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

র্মচারীগণ যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে পারেন সে জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগ ার্যালয়সমূহ এবং প্রত্যেক জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে বিনা মূল্যে ফরম বিতরণের ব্যবস্থা নেয়া হয়েছে। আগ র্মচারীগণ ব্যক্তিগতভাবে অথবা ৪ (চার) টাকার ডাকটিকেটযুক্ত ঠিকানা সম্বলিত ১০" x ৫" সাইজের খামসহ স্ব াফিসের মাধ্যমে দরখাস্ত করে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/বিভাগীয় কার্যালয়সমূহ অথবা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বো ধান কার্যালয়, ঢাকা হতে ডাকযোগে আবেদন ফরম সংগ্রহ করতে পারেন। যথাযথভাবে পূরণকৃত ফরম স্ব-স্ব অফি ধানের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে নিম্নে বর্ণিত অফিসে জমা দিতে হবে।

১। ঢাকা মহানগরীতে কর্মরত সরকারি কর্মচারীদের জন্য
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১ তলা) সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

২। ঢাকা মহানগরী ব্যতীত ঢাকা বিভাগে কর্মরত সরকারি কর্মচারীদের জন্য
উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ১ম ১২তলা সরকারি অফিস ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

৩। চট্টগ্রাম বিভাগে কর্মরত সরকারি কর্মচারীদের জন্য
উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রা

৪। রাজশাহী বিভাগে কর্মরত সরকারি কর্মচারীদের জন্য
উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

৫। খুলনা বিভাগে কর্মরত সরকারি কর্মচারীদের জন্য
উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বয়রা, খুলনা।

৬। বরিশাল বিভাগের কর্মরত সরকারি কর্মচারীদের জন্য
উপ-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশাল।